

শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

“প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬খ্রিৎ
তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

(১) মহিলা ও শিশু বিষয়ক কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মলি রায়	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১	সভাপতি
০২	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সদস্য
০৩	জনাব মোঃ শাহজাহান মোল্লা	কাউন্সিল, ০২ নং ওয়ার্ড	সদস্য
০৪	জনাব নোয়াব বেপারী	কাউন্সিল, ০৭ নং ওয়ার্ড	সদস্য
০৫	জনাব জাহানারা বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩	সদস্য

২। কমিটির কার্য পরিধি:

- ২.১। পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- ২.২। আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা;
- ২.৩। নারী শিশুসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্নমূর্খী উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা;
- ২.৪। নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতনা করা। যৌতুক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতুকের ঢাকাত্তিকর প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা;
- ২.৫। জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা;
- ২.৬। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন ধাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা;
- ২.৭। ভিড়াবৃত্তি, ইভিটিজিং পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্দে জনগণকে সচেতনা করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা;
- ২.৮। শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা;
- ২.৯। জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
- ২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিৎ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলন্তী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৩-১২। জনাব..... কাউপিলর, (সকল) শিবচর পৌরসভা।

১৩। জনাব (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।